দৈনিক খবর

তারিখ 26 JAN 1991 পৃষ্ঠা 6 কলাম 6

# শিক্ষা উপদেষ্টা সকাশে শিক্ষক (নজরুল) সমিতি প্রতিনিধি দল

গত বৃহস্পতিবার বাংলাদেশ শিক্ষক সমিতির (নজরুল) ১১ জন শিক্ষক প্রতিনিধি শিক্ষা উপদেষ্টা ডঃ জিল্লুর রহমান সিদ্দিকীর সাথে সংগঠনের ১১ দফা দাবীর বিষয়ে উপদেষ্টার সাথে বিস্তারিত আলোচনা করেন এবং দাবীসমূহের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

দাবীগুলোর মধ্যে দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষাসহ শিক্ষক কর্মচারীর চাকরি জাতীয়করণ, দ্রব্যমূল্যের বৃদ্ধির প্রেক্ষিতে অধুনা সরকার ঘোষিত অন্তর্বর্তীকালীন ১০% মহার্ঘভাতা, বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের প্রদান, ১৯৮৬ সালের চুক্তি মোতাবেক টাইম- স্কেল- প্রদান স্বীকৃতিপ্রাপ্ত বিদ্যালয়গুলোকে স্থায়ীভাবে স্বীকৃতি প্রদান, ৮ম শ্রেণী বালিকা বিদ্যালয় ও সহ-শিক্ষা বিদ্যালয়গুলোকে বিদ্যালয়ের চাহিদা অনুসারে ভূর্তকী প্রদান, প্রস্তাবিত নতুন স্কেল ১লা জুলাই '৯০ থেকে সরকারী শিক্ষকদের ন্যায় বেসরকারী শিক্ষকদের পাওয়ার নিশ্চয়তা বিধান, এমপিওর বহির্ভূত বিদ্যালয়গুলোকে এমপিওর অন্তর্ভূত করে সরকারী অনুদান প্রদান ও পরিদর্শন ও হিসাব-নিরীক্ষণ পরিদপ্তর বাতিল করণ, শিক্ষক কল্যাণ ট্রাষ্টের কমিটি বাতিল করে শহিদুল্লাহ আহসানউল্লাহ - নূরুল্লাহ গংদের শিক্ষাঙ্গন থেকে বহিষ্কার করার দাবী জানান।

উপদেষ্টা ধৈর্য সহকারে নেতৃবৃন্দের বক্তব্য শ্রবণ করেন এবং দাবী-দাওয়া পূরণের আন্তরিক আশ্বাস প্রদান করেন। (প্রেস বিজ্ঞপ্তি)।